**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-10-2023**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে নতুন দিল্লির মেজর ধ্যানচাঁদ স্টেডিয়ামে এশিয়ান গেমস্ অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়াড়দের সঙ্গে আলাপচারিতায় মিলিত হবেন।

এশিয়ান গেমস্-এ অসাধারণ সাফল্যের জন্য খেলোয়াড়দের অভিনন্দন জানানো এবং ভবিষ্যতে বিভিন্ন প্রতিযোগিতায় সাফল্যের জন্য তাঁদের প্রেরণা জোগাতেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বক্তব্য রাখবেন। উল্লেখ্য এবার এশিয়ান গেমস্-এ ২৮টি স্বর্ণপদক সহ মোট ১০৭টি পদক জিতেছে ভারত। এশিয়ান গেমস্-এ পদক জয়ের নিরিখে এ যাবৎকালের মধ্যে এটাই ভারতের সর্বোচ্চ সাফল্য।

****************

**Food Minister :**

রাজ্য সরকার নায্যমূল্যের দোকানের মাধ্যমে ভোক্তাদের সরষের তেল দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কার্ডপিছু এক লিটার করে এবং বছরে চারবার এই সরিষার তেল সরবরাহ করা হবে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই কর্মসূচীর সূচনা করবেন। গতকাল মহাকরনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সাংবাদিক সম্মেলনে একথা জানান। লিটার প্রতি ১৫ টাকা করে ভর্তুকি দেওয়া হবে। এর ফলে প্রতি লিটার সরিষার তেলের দাম পড়বে

১১৩ টাকা। খাদ্যমন্ত্রী আরও জানান, শারদ উৎসব উপলক্ষে ভোক্তাদের এবছরও রেশনে ন্যায্যমুল্যে অন্যান্য সামগ্রী সরবরাহেরও সিদ্ধান্ত নিয়েছে।

****************

**Job fair:**

আজ ভারত সরকারের ন্যাশনাল ক্যারিয়ার সার্ভিস প্রকল্পের অন্তর্গত রাজ্যের মডেল ক্যারিয়ার সেন্টার, ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর উদ্যোগে শ্রম ভবন প্রাঙ্গনে জব ফেয়ার অনুষ্ঠিত হবে। এই জব ফেয়ার এ ত্রিপুরার মধ্যে সেলস এক্সিকিউটিভ, সিকিউরিটি, হাউসকিপিং, সার্ভিস এডভাইসর, ডাটা ম্যানেজার, টেকনিসিয়ান, কাস্টমার সার্ভিস রিপ্রেসেন্টেটিভে, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট ট্রেনার,জিও পয়েন্ট অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে প্রার্থীদের নিয়োগ করা হবে। মোট ১৪২টি পদ পূরণ করা হবে। এছাড়া কর্ণাটকের জন্য আইটিআই প্লাম্বার, আই টি আই ইলেক্ট্রিসিয়ান, আই টি আই ওয়েল্ডার, ট্র্যাক্টর ড্রাইভার, এগ্রিকালচারল ওয়ার্কার সহ মোট ৪৩টি পদে নিয়োগ করা হবে। চাকুরী প্রার্থীদের বায়োডাটা সহ জন্ম প্রমান পত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমান, পি আর টি সি সঙ্গে নিয়ে আসার জন্যে বলা হয়েছে। উল্লেখ্য কর্মসংস্থান পরিষেবা এবং জনশক্তি পরিকল্পনা দপ্তরের অধিকর্তা একটি বিজ্ঞপ্তির মাধ্যমে এই খবর জানান।

****************

**Ratan lal nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ মোহনপুর মহকুমার বড়কাঠাল এলাকায় গতকাল ৩৩ কেভি বিদ্যুৎ সাব স্টেশনের উদ্বোধন করেন। এই সাবস্টেশন ও দ্বিতল কন্ট্রোল রুম নির্মানে ব্যয় হয়েছে ৯ কোটি ৮৪ লক্ষ টাকা। অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী বলেন,

ভারত সরকার ও বিশ্ব ব্যাংকের আর্থিক সহযোগিতায় পাওয়ার গ্রিড কর্পোরেশন এই সাবস্টেশন নির্মাণ করেছে। এই সাবস্টেশন নির্মাণের ফলে বড়কাঁঠাল, এসরাই, চাচু, সোনাই, বটতলা, ডুমাকারী, উরাবাড়ি সহ বিস্তীর্ণ এলাকার মানুষ উপকৃত হবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বৃষকেতু দেববর্মা, এডিসি'র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, হেজামারা বিএসি চেয়ারম্যান সুনীল দেববর্মা, লেফুঙ্গা বিএসি চেয়ারম্যান রনজিৎ দেববর্মা ও বিদ্যুৎ নিগমের পদস্থ আধিকারিকরা।

****************

**Rail :**

উত্তর-পূর্ব রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আজ একদিনের সফরে রাজ্যে আসছেন। তিনি সাব্রুম এবং উদয়পুর রেল স্টেশন এক্সপ্রেস ট্রেন চালানোর পরিকাঠামো খতিয়ে দেখবেন। তিনি আগরতলায় ফিরে এসে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে মিলিত হয়ে রেল সম্প্রসারণ কর্মসূচি নিয়ে আলোচনা করবেন বলে আগরতলা রেল স্টেশনের এর ম্যানেজার চন্দ্রমোহন সাহু জানান।

উল্লেখ্য, আসন্ন দুর্গোৎসবের আগেই সাব্রুম থেকে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস শিয়ালদা চালানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

****************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নতুন দিল্লিতে ন্যায়সঙ্গত ও স্থিতিস্থাপক কৃষি-খাদ্য ব্যবস্থার ওপর আন্তর্জাতিক গবেষণা সম্মেলনের উদ্বোধন করেন। এই আন্তর্জাতিক গবেষণা সম্মেলন চলবে আগামী ১২ই অক্টোবর পর্যন্ত। চারদিনব্যাপী এই সম্মেলন

আয়োজন করেছে আই.সি.এ.আর এবং কনসালটেটিভ গ্রুপ অন ইন্টারন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর, ভারতের জি-২০ শেরপা অমিতাভ কান্ত বক্তব্য রাখেন। সম্মেলনে প্রায় ৬০টি দেশের ৬০০ জনেরও বেশি প্রতিনিধি অংশ নেবেন বলে আশা করা হচ্ছে।

****************

**Sikim Flood :**

সিকিমে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৩৩। এখনও খোঁজ নেই কমপক্ষে ১০৫ জনের। কেন্দ্রীয় স্বরাষ্ট্র রাষ্ট্রমন্ত্রী অজয় কুমার মিশ্র সাংবাদিকদের জানান, যুদ্ধকালীন তৎপরতায় ত্রান ও উদ্ধারকার্য চলছে। সিকিম দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছেন, আকস্মিক বন্যায় সিকিমে ৮৫ হাজার ৮৭০ জনের বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। এখনও বহু পর্যটক সিকিমের মাঙ্গান জেলার লাচেন এবং লাচুং-এ আটকে পড়েছেন। ভারতীয় বিমান বাহিনীর হেলিকপ্টারের সাহায্যে তাদের উদ্ধারের চেষ্টা চলছে।

****************

**Assembly election :**

মিজোরাম, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, রাজস্থান এবং তেলেঙ্গানার বিধানসভা নির্বাচন আগামী মাসের ৭ থেকে ৩০ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে, এই পাঁচটি রাজ্যের ভোট গণনা হবে তেসরা ডিসেম্বর। নির্বাচন কমিশন গতকাল এই পাঁচ রাজ্যের নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে। মিজোরামে ৭ নভেম্বর ভোটগ্রহণ হবে। ছত্তিশগড়ে দুই দফায় ৭ ও ১৭ নভেম্বর ভোট হবে মধ্যপ্রদেশে, ভোট হবে ১৭ই নভেম্বর। রাজস্থানে ২৩শে নভেম্বর ভোট হবে। তেলেঙ্গানায় ভোট হবে ৩০শে নভেম্বর।

****************

**Weather:**

আগরতলা ও তার আশেপাশে আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১.৯ মিলিমিটার।

****************

****************